



## মার্কিন-ইসরায়েলি হামলায় ইরানের ইসফাহানে ৮ নিহত



সংগৃহীত ছবি

মার্কিন যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলায় ইরানের মধ্যাঞ্চলীয় ইসফাহান প্রদেশে শনিবার (৭ মার্চ) অন্তত ৮ জন নিহত হয়েছেন। এ তথ্য নিশ্চিত করেছেন প্রদেশের এক নিরাপত্তা কর্মকর্তা। খবর দিয়েছে তাসনিম নিউজ এজেন্সি।

ইসফাহান প্রদেশের গভর্নরের দফতরের নিরাপত্তা কর্মকর্তা আকবর সালাহি জানিয়েছেন, নিহতদের মধ্যে একজন নারীও রয়েছেন। তিনি বলেন, মার্কিন ও ইসরায়েলের সামরিক বিমান (আইডিএফ) ইসফাহান শহরসহ প্রদেশের সাতটি শহরে হামলা চালিয়েছে।

সালাহি আরও জানান, ইসফাহান শহর ছাড়াও লেনজান ও বোরখার এলাকায় প্রায় ৮০টি বাড়ি এই হামলায় গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

LENS ASIA